

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মাননীয় মন্ত্রীর দপ্তর

প্রেস বিজ্ঞপ্তি

নং-২০২০/১১/৮-১

পোল্ট্রি ও হিমায়িত মৎস্য রপ্তানি শিল্পের উন্নয়নে কার্যকর পদক্ষেপ নেবে সরকার
- মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী

ঢাকা, ০৮ নভেম্বর ২০২০ (রোববার)

পোল্ট্রি ও হিমায়িত মৎস্য রপ্তানি শিল্পের উন্নয়নে সরকার কার্যকর পদক্ষেপ নেবে বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম এমপি।

রোববার (০৫ নভেম্বর) রাজধানীর সচিবালয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে নিজ দপ্তর কক্ষে মন্ত্রীর সাথে বাংলাদেশ ফ্রোজেন ফুড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন এবং বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ সেন্ট্রাল কাউন্সিল (বিপিআইসিসি)-এর প্রতিনিধিগণ সৌজন্য সাক্ষাত করতে এলে সাক্ষাত শেষে মন্ত্রী একথা জানান।

এসময় পোল্ট্রি শিল্প এবং হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি শিল্পে বিদ্যমান সমস্যা সমাধানে ব্যবস্থা গ্রহণেরও আশ্বাস দেন মন্ত্রী।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব রওনক মাহমুদ, বাংলাদেশ ফ্রোজেন ফুড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের সভাপতি কাজী বেলায়েত হোসেন, সিনিয়র সহসভাপতি আশরাফ হোসেন মাসুদ, সহসভাপতি দেবব্রত বড়ুয়া, পরিচালক শ্যামল দাস ও দৌদুল কুমার দত্ত, বিপিআইসিসি'র সভাপতি মসিউর রহমান, ওয়ার্ল্ড'স পোল্ট্রি সায়েন্স অ্যাসোসিয়েশন বাংলাদেশ শাখার সাধারণ সম্পাদক ডা. আলী ইমাম, ব্রিডার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ এর সভাপতি রাকিবুর রহমান, ফিড ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশন বাংলাদেশ এর সাধারণ সম্পাদক মোঃ আহসানুজ্জামান এসময় উপস্থিত ছিলেন।

এসময় মন্ত্রী বলেন, “করোনার মধ্যেও মৎস্য ও প্রাণিসম্পদ খাত সচল রাখার জন্য আমরা কাজ করে যাচ্ছি। গতিশীল নীতি নিয়ে আমরা এগিয়ে যাবার চেষ্টা করছি। এ খাতকে আরো গতিশীল করার জন্য আমরা মাঠ পর্যায়ে যাচ্ছি। বেকারত্ব দূর করা, উদ্যোক্তা তৈরী করা, গ্রামীণ অর্থনীতিক সচল করা এবং জনগণের পুষ্টি-আমিষের চাহিদা পূরণের জন্য মৎস্য ও প্রাণিসম্পদ খাতের ক্রম উন্নয়নে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

তিনি আরো বলেন, “করোনা ক্রান্তিকালে দেশের অভ্যন্তরে সৃষ্ট এবং দেশের বাইরে থেকে আসা বেকারদের কর্মসংস্থানে মৎস্য ও প্রাণিসম্পদ খাত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এ জন্য আমরা এ খাতে তৃণমূল পর্যায়ে ক্ষতিগ্রস্তদের নগদ প্রণোদনা দেয়ার পরিকল্পনা নিয়েছি। যাতে ক্ষতিগ্রস্তরা আবার ঘুরে দাঁড়াতে পারে। এ দুটি খাতে আমরা কার্যকর পরিবর্তন নিয়ে আসতে চাই।”

এর আগে কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ-এর নেতৃবৃন্দ মন্ত্রীর সাথে সৌজন্য সাক্ষাত করেন। এসময় কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ-এর ভারপ্রাপ্ত সভাপতি ড. মোঃ শহীদুর রশীদ ভূঁইয়া, মহাসচিব মোঃ খায়রুল আলম

প্রিন্স, সহসভাপতি ডাঃ মোঃ মাহবুব আলম, দপ্তর সম্পাদক এম এম মিজানুর রহমান কার্যনির্বাহী সদস্য সাইদুল হক চৌধুরী, নীতিশ চন্দ্র দেবনাথ, সমীর চন্দ ও ড. সৈয়দ আরিফ আজাদ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

মোঃ ইফতেখার হোসেন

জনসংযোগ কর্মকর্তা

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৭৭৫২২৫৬৯০